অত্যন্ত জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
(www.molwa.gov.bd)

স্মারক নম্বর- ৪৮.০০.০০০০.০০২.২২.০০২.২০১৩- ৬০০

তারিখঃ ১২ বৈশাখ ১৪২৩ / ২৫ এপ্রিল ২০১৬

**বিষয় ঃ মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণে নির্দেশনা ও ভাতাভোগী মুক্তিযোদ্ধার হালনাগাদ তালিকা প্রেরণ সংক্রান্ত।**

সূত্র ঃ এ মন্ত্রণালয়ের ০২ সেপ্টেম্বর ২০১৫ তারিখের ৪৮.০০.০০০০.০০২.৩৪.০০২.১২-৩৪০ সংখ্যক পরিপত্র।

সারাদেশে মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা কার্যক্রম সুষ্ঠু ও সঠিকভাবে সম্পাদনের লক্ষ্যে সকল জেলার প্রকৃত ভাতাভোগী মুক্তিযোদ্ধা এবং নতুনভাবে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা তালিকায় অন্তর্ভুক্তির ক্ষেত্রে মুক্তিযোদ্ধাদের তথ্যাদি যাচাই-বাছাইয়ান্তে ভাতা বিতরণ কার্যক্রম গ্রহণপূর্বক মন্ত্রণালয়েকে অবহিত করার জন্য পরিপত্র জারী করা হয়। কোন কোন জেলাতে যাচাই-বাছাই কার্যক্রম পরিপত্র মোতাবেক সম্পাদিত না হওয়ার অভিযোগ উত্থাপিত হয়েছে। **এমনকি পরিপত্রের শর্ত প্রতিপালন না হওয়ার পরেও অংগীকার নামা রেখে ভাতা প্রদান করা হচ্ছে বলে জানা যায়। যা পরিপত্রের সুস্পষ্ট লংঘন। এ ধরণের ব্যত্যয় পরিলক্ষিত হলে এর দায় দায়িত্ব ভাতা প্রদানকারীর উপরই বর্তাবে। বর্ণিত প্রেক্ষাপটে;**

ক) সূত্রের পরিপত্রে ৪ নং ক্রমিকের 'ঙ' অনুচ্ছেদে ২৬-০৩-১৯৭১ তারিখের পরিবর্তে ১৭-০২-২০১৬ তারিখে অনুষ্ঠিত জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ৩৪ তম সভায় "যে সকল বীর মুক্তিযোদ্ধার নাম ভারতীয় তালিকায়, লাল মুক্তিবার্তায় আছে এবং যাদের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিস্বাক্ষরিত সনদ আছে তাদের ক্ষেত্রে ৩০-১১-১৯৭১ তারিখে মুক্তিযুদ্ধকালীন বয়স ১৩ বছর নির্ধারণ করা হয়। অন্যান্যদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার বয়স পূর্বের ন্যায় ২৬-০৩-১৯৭১ তারিখে ১৩ বছর বলবৎ থাকবে।"

খ) পরিপত্রের অন্যান্য নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিরতরণের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করতঃ নিম্নের ছকে হালনাগাদ তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

ছক

| ক্রমঃ | জেলার নাম | উপজেলার নাম | ৩০ সেপ্টেম্বর ২০১৫ তারিখ পর্যন্ত ভাতাভোগীর সংখ্যা | যাচাই-বাছাইয়ান্তে বর্তমানে ভাতা বিতরণ উপযোগী মুক্তিযোদ্ধার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |

২৫/০৪/২০১৬
(মুহাম্মদ নূর আলম)
উপসচিব
টেলিফোনঃ ৯৫৫০১৩৩

বিতরণ ঃ

১। জেলা প্রশাসক (সকল)..........................................................।

২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)..............................................।

৩। জেলা কমান্ডার (সকল)......................................................।

৪। উপজেলা কমান্ডার (সকল)........................................................।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

২। যুগ্ম-সচিব, আইসিটি, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);

২। চেয়ারম্যান, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, নিউ ইস্কাটন, ঢাকা;

৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;

৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।